

## প্রোফাইল



নৌ পরিবহন মন্ত্রণালয়ের উপসচিব (বাজেট, অডিট ও আইন) জনাব শেখ কামরুল হাসান বিসিএস (অডিট এন্ড একাউন্টস) ক্যাডারের ১৫তম ব্যাচের (১৯৯৫ সালে যোগদানকৃত) কর্মকর্তা। তিনি ১৯৬৬ সালের ৫ মার্চ ঢাকা জেলায় জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৮২ সালে ঢাকা কলেজিয়েট স্কুল থেকে এসএসসি এবং ১৯৮৪ সালে কবি নজরুল সরকারী কলেজ থেকে কৃতিত্বের সাথে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে বি.এস.সি, এজি (অনার্স) ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে তিনি যুক্তরাজ্যের আলস্টার বিশ্ববিদ্যালয় থেকে সরকারী আর্থ ব্যবস্থাপনায় এমএ ডিগ্রী লাভ করেন।

জনাব শেখ কামরুল হাসান বি সি এস (অডিট এন্ড একাউন্টস) ক্যাডারের সদস্য হিসেবে সহকারী হিসাব মহা নিয়ন্ত্রক, উপ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (কৃষি, আইআরডি, টেলিযোগাযোগ), ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), যুগ্ম অর্থ নিয়ন্ত্রক (নেভী), ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) পে-২ হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি কলকাতাস্থ বাংলাদেশ উপ হাই-কমিশনে ২০০৪-২০০৯ সময়কালে প্রথম সচিব (বাণিজ্যিক) হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ২০০২ সালে ডেপুটি একাউন্টেন্ট জেনারেল এবং ২০১০ সালে অতিরিক্ত উপ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি ২০১৬ সালের ২৭ নভেম্বর উপসচিব হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করেন। তিনি ৮ ফেব্রুয়ারী ২০১৭ তারিখে উপসচিব হিসেবে নৌ পরিবহন মন্ত্রণালয়ে যোগদান করেছেন।

তিনি শিক্ষা ও কর্মসূত্রে যুক্তরাজ্য, আয়ারল্যান্ড, বেলজিয়াম, ফ্রান্স, সিঙ্গাপুর, মালয়েশিয়া, সৌদি আরব, ফিলিপাইন, অস্ট্রেলিয়া, থাইল্যান্ড, ওমান, ভারত, ইটালী ভ্রমণ করেছেন।

তিনি ২০০৩ সালে বাংলাদেশ স্কাউটস-এর ডেপুটি ন্যাশনাল কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া তিনি বাংলাদেশ ক্রিকেট বোর্ডের বি-গ্রেডভুক্ত আম্পায়ার। তিনি “আর্থিক ও প্রশাসনিক আইনের হ্যান্ডবুক” নামক একটি পুস্তক সংকলন করেছেন। তিনি বি সি এস : অডিট এন্ড একাউন্টস এসোসিয়েশনের সাবেক যুগ্ম মহাসচিব এবং কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর আজীবন সদস্য।

জনাব শেখ কামরুল হাসান বিবাহিত। তাঁর স্ত্রীর নাম মাহমুদা আকতার রীমা। পুত্র শেখ মেহেদী শাহরিয়ার হাসান কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-এ অধ্যয়নরত এবং কন্যা তাসনীম সালসাবিল হাসান ‘ও’ লেভেলের ছাত্রী।